মুজিবনগরে জেল হত্যা দিবসে স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ

মুজিবনগরে ৩রা নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনকরে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন উপজেলা যুবমহিলালীগ ও উপজেলা স্বেচ্ছাসেবকলীগ।

দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে দিবসটি উপলক্ষে উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন ও সাধারণ সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগ এবং উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন এবং সদস্য সচিব আইয়ুব হোসেনের নেতৃত্বে স্বেচ্ছাসেবকলীগ মুজিবনগর স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

পরে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় ১ মিনিট নিরবতা পালন এবং দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগ নেতা শাহ ওয়ালিউল্লাহ সোহাগ, আওয়ামী লীগ নেতা হাসানুজ্জামান লালটু, জহির উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ, সাধারণ সম্পাদক সোহাগ, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহজাহান সিরাজ দোলন, সম্পাদক লিংকন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আবু নাঈম ডালিম, সম্পাদক আলাউদ্দিনসহ যুব মহিলা লীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীবৃন্দ।

মুজিবনগরে জেল হত্যা দিবস পালন

৩ রা নভেম্বর স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ট সহচর মুক্তিযুদ্ধের সংগঠক জাতীয় চার নেতার জেল হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

শুক্রবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজারে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন,
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম ইসলাম খোকন কমান্ডার, জেলা মৎস্য লীগের সাধারণ সম্পাদক আসকার আলী, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা ইয়াং বাংলার যুগ্ন আহবায়ক, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টু, বাগোয়ান ইউনিয়ন ৫ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ওয়ার্ড সদস্য রকিব উদ্দিন, ৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আঃ সামাদ।

এসময় আরো উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সকল ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক, সহযোগী ও অঙ্গ সংগঠনের নেতাকর্মী বৃন্দ। আলোচনা সভা ও দোয়া মাহফিলের সার্বিক সঞ্চালনায় ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন।

৩রা নভেম্বর জাতীয় ৪ নেতা সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

গাংনীতে মোটরসাইকেল নিয়ন্ত্রণ

হারিয়ে গাছে ধাক্কা; স্কুলছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়িয়া টিপু খালির মাঠে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সাঈদ (১৫) নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে এ দুর্ঘটনা ঘটে। নিহত সাঈদ উপজেলার হিজলবাড়িয়া গ্রামের শাহিনের ছেলে ও গাংনী সূর্যোদয় স্কুল এন্ড কলেজের অষ্টম শ্রেণীর ছাত্র।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সাঈদ দ্রুতগতিতে মোটরসাইকেল চৃালিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে থাকা বাবলা গাছে সজরে ধাক্কা দেয়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাক্তার সীমা বিশ্বাস তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম জানান,সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

গাংনীতে তেল বাহি ট্রাকের ধাক্কায় নিহত ১

মেহেরপুরের গাংনীতে তেল বাহি ট্রাকের ধাক্কায় বুলুমন্ডল (৫০) নামের একজন নিহত হয়েছে।

শুক্রবার বিকাল ৪টার সময় মেহেরপুর কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলাধীন পশ্চিম মালশাদহ এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত বুলু মণ্ডল গাংনী চৌগাছা ডিগ্রী কলেজ পড়ার শহীদ হারেজ আলীর ছেলে।

স্থানীয়রা জানান,একটি অটোবাইক যোগে বামুন্দি বাজারে যাওয়ার পথে পেছন থেকে জ্বালানি তেল বহনকারী একটি ট্রাক অটো বাইককে পিছন থেকে ধাক্কা দিলে বুলুমন্ডল মাটিতে পড়ে মারাত্মক আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তাজুল ইসলাম এ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন নিহতের পরিবার অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে বিএনপি ও জামায়াতের ১০ নেতাকর্মী আটক

মেহেরপুরে নাশকতা প্রতিরোধ জেলার বিভিন্ন উপজেলায় পুলিশ অভিযান চালিয়ে বিএনপি জামায়াতের ১০ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ।

গত বুধবার রাত থেকে বৃহস্পতিবার সন্ধ্যা পর্যন্ত সদর থানার ওসি সাইফুল ইসলাম ও গাংনী থানার ওসি তাজুল ইসলামের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকৃতরা হলেন- সদর উপজেলার বারাদী ইউনিয়নের সাবেক সেক্রেটারি জামাতুল ইসলাম বারাদি ইউনিয়ন যুবদলের সভাপতি আব্দুল খালেক, বিএনপি সদস্য রবিউল ইসলা, খায়রুল হোসেন, ইউনিয়ন যুবদলের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আলমগীর হোসেন।

গাংনী উপজেলার জোড়পুুকুরিয়া ওয়ার্ড যুবদলের সভাপতি আরেফিন হোসেন, সাহারবাটি ওয়ার্ড যুবদলের সহসভাপতি আক্তারুল ইসলাম, গাংনী পৌর যুবদলের কোষাধাক্ষ্য জাকির হোসেন, গাংনী পৌরসভার ৮ নম্বর ওয়ার্ড বিএনপি কর্মী বাচ্চু মন্ডল।

অপরদিকে, মেহেরপুর র্যাব ক্যাম্পের সদস্যরা মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন জামায়াতের আমির মোস্তাফিজুর রহমানকে আটক করেছে। গতকাল রাতে এক প্রেস বিবৃতিতে র্যাব এ তথ্য জানিয়েছে।

গাংনীতে অবরোধ প্রতিরোধে সাগরের মোটরসাইকেল শোভাযাত্রা

মেহেরপুরের গাংনীতে বিএনপি জামাতের সন্ত্রাস ও নৈরাজ্যের প্রতিবাদে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ডা. এ এস এম নাজমুল হক সাগরের নেতৃত্বে মোটরসাইকেল শোভাযাত্রা ও শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলার বামন্দি থেকে বাঁশবাড়িয়া পর্যন্ত প্রধান সড়কে এ শোভাযাত্রা করেন তিনি।

শোভাযাত্রায় প্রায় সাড়ে ৪ শতাধিক মোটরসাইকেলসহ কয়েকটি মাইক্রোবাস প্রদক্ষিণ করে গাংনী বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে গিয়ে মোটরসাইকেল শোভাযাত্রাটি শেষ হয় ।

সংক্ষিপ্ত সমাবেশে নাজমুল হক সাগর বিএনপি ও জামায়াতের বিরুদ্ধে হরতাল অবরোধের নামে অগ্নি সন্ত্রাস নৈরাজ্যের প্রতিবাদে বক্তব্য প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য সেলিনা আক্তার বানু, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন, মটমুড়া ইউনিয়ন কৃষক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল, বামুন্দী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি জিয়ারুল হক, উপজেলা শ্রমিক লীগের সভাপতি রিপন, জেলা ছাত্রলীগের সহসভাপতি শাহাজান আলী,

উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুন্না, মটমুড়া ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি লিখন সহ আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুর মহিলা কলেজে আইএফআইসি ব্যাংকের আর্থিক সাক্ষরতা বিষয়ক সেমিনার

মেহেরপুরে আর্থিক ও সাক্ষরতা নিরাপদ ভবিষ্যৎ কর্মসূচির মাধ্যমে নারীদের মাঝে ব্যাংকিং বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও সকল শ্রেনীর মানুষকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার লক্ষে কলেজ ছাত্রীদের নিয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর সরকারি মহিলা কলেজ মিলনায়তনে আইএফআইসি ব্যাংক মেহেরপুরে শাখার এ সেমিনারের আয়োজন করে।

আইএফআইসি ব্যাংক মেহেরপুর শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সাদেক উল্লাহ‘র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

সেমিনারে বাংলা বিভাগের বিভাগীয় প্রধান আশরাফুল আলম, লোন অফিসার লিজা খাতুন, ট্রানজেকশন অফিসার ফিরোজ আহমেদ, সোহেলী আক্তার, বাংলাদেশ মানবাধিকার কমিশনের সাবেক জেলা সমাজ কল্যান সম্পাদক সাজেদুর রহমান প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

সেমিনারে বক্তারা বলেন, প্রাত্যহিক জীবনে বহুমাত্রিক কার্যক্রমের মধ্যদিয়ে নারীরা সরাসরি ভূমিকা রাখছে দেশের স্বনির্ভর অর্থনীতির বিনির্মাণে। শাখা-উপশাখায় দেশের বৃহত্তম ব্যাংক আইএফআইসি প্রান্তিক পর্যায়ে পৌছে দিয়েছে নারী বান্ধব বিভিন্ন ব্যাংকিং সুবিধা। বিভিন্ন পেশাজীবী নারীরাও যাতে এই অগ্রযাত্রায় ভূমিকা রাখতে ও ব্যাংকিং সেবায় অন্তর্ভুক্তির হতে পারেন সে আহবান জানানো হয়।

সেমিনারে শতাধিক কলেজ ছাত্রী অংশ নেন।

শহর ছেড়ে সীমান্তে মেহেরপুর জেলা বিএনপি’র মিছিল

গ্রেপ্তার এড়ানোর কৌশল হিসেবে বিএনপি’র ডাকা অবরোধের তৃতীয় দিনে মেহেরপুর জেলা বিএনপি শহর ছেড়ে সীমান্তে অবরোধের সমর্থনে মিছিল করেছ।

আজ বৃহস্পতিবার ভোর ছয়টার দিকে মেহেরপুর সদর উপজেলা ইছাখালী পাকুড়তলা মোড় থেকে শতাধিক কর্মী সমর্থকের অংশগ্রহণে ঝটিকা মিছিলটি শুরু হয়ে প্রধান সড়ক সহ বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

এসময় মিছিলটি নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। মিছিল থেকে শেখ হাসিনার পদত্যাগ সহ অবরোধের প্রথম দুই দিনে মেহেরপুর জেলা বিএনপির আটক নেতাদের মুক্তির দাবিতে স্লোগান দেয়া হয়।

এ বিষয়ে যোগাযোগ করা হলে মাসুদ অরুণ মেহেরপুর প্রতিদিন কে বলেন, ‘মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় ও আমার বাসভবন পুলিশ,ডিবি,ডিএসবি সহ বিভিন্ন গয়েন্দা সংস্থা কার্যত অবরুদ্ধ করে রেখেছে। ঘর থেকে বের হওয়া দূরের কথা, ঘরে অবস্থান করা নেতাকর্মীদের পুলিশ তুলে নিয়ে যেয়ে নুতন মামলাসহ অনেক পুরাতন মামলাতেও আটক দেখাচ্ছে। পুলিশ বিএনপি নেতাকর্মী আটকের যে পরিসংখ্যান দিচ্ছে সেটাতে অনেক চালাকীর আশ্রয় নেওয়া হচ্ছে। বিএনপির কেন্দ্র ঘোষিত অবরোধ কর্মসূচীর প্রথম দুই দিনে মেহেরপুর জেলা বিএনপির ৫২ নেতাকে আটক করা হয়েছে। তাই বাধ্য হয়েই গ্রেফতার এড়াতে শহরের বাইরে কর্মসূচীর সমর্থনে আজকের এই ঝটিকা মিছিল।’

তবে, মেহেরপুর প্রতিদিনকে জেলা পুলিশের পক্ষ থেকে নাশকতা ঠেকাতে ৩১ জনকে আটকের তথ্য নিশ্চিত করা হয়েছে।

মেহেরপুরে বিএনপির দুই শীর্ষ নেতাসহ গ্রেফতার ১১

মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ফয়েজ আহমেদ ও গাংনী পৌর ব্হিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলাসহ বিএনপির ১১ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল বুধবার ভোর রাত থেকে মাঝ রাত পর্যন্ত সদর থানার ওসি সাইফুল ইসলাম, গাংনী থানার ওসি তাজুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম এসকল নেতাকর্মীদের গ্রেফতার করে।

পুলিশ জানায়, গ্রেফতার কৃত মধ্যে সদর থানা পুলিশ ৫ জনকে, গাংনী থানা পুলিশ ৪ জনকে এবং মুজিবগর থানা পুলিশ বাকি ৩ জনকে গ্রেফতার করে। বাকি গ্রেফতারকৃতরা হলেন সদর উপজেরার শ্যামপুর ইউনিয়ন যুবদলের কোষাধাক্ষ্য তাওহীদ হোসেন, কুতুবপুর ইউনিয়ন যুবদলের ক্রীড়া সম্পাদক বাণী হোসেন, আমদহ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি আয়নাল হক, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মামুনুর রশিদ মামুন, গাংনী উপজেলার গাংনী পৌর বিএনপির সেক্রেটারি মকবুল হোসেন মেঘলা, গাংনী উপজেলা বিএনপির অর্থ বিষয়ক সম্পাদক জিয়াউর রহমান, রায়পুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, বিএনপি কর্মী জহুরুল ইসলাম, মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক নায়েব আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সদস্য তাহাজুল ইসলাম।

পুলিশ জানায়, বিএনপি-জামায়াতের নেতাকর্মীদের বিশেষ ক্ষমতা আইনে গ্রেফতার করা হয়েছে। অবরোধ চলাকালে যাতে কোন নাশকতার ঘটনা না ঘটাতে পারে সে বিষয়ে পুলিশ তৎপর রয়েছে।

মেহেরপুরে নানা আয়োজনে জাতীয় যুব দিবস পালন

জাতীয় যুব দিবস উপলক্ষে মেহেরপুর জেলা যুব উন্নয়ন বিভিন্ন কর্মসূচি পালন করেছে। বুধবার সকালে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরে জাতীয় যুব দিবস উপলক্ষে যুব র্যালি, মাছের পোনা অবমুক্তকরণ, যুব ঋণের চেক, সনদপত্র, ক্রেস্ট ও পুরস্কার বিতরণ এবং আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পুলিশ সুপারের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক কাজী আব্দুল কাদির মিয়া, মেহেরপুর জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলের রাব্বি, কারিগরি শিক্ষা প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আরিফ হোসেন তালুকদার।

জাতীয় যুব দিবস উপলক্ষে আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ।
যুব দিবস উপলক্ষে যুব উন্নয়নের প্রশিক্ষনার্থী সুমাইয়া আক্তার, সফল আত্মকর্মী মিজানুর রহমান, যুব সংগঠক রেহেনা মান্নান, সদস্য যুব কাউন্সিল নিশাত আফরিন রাহী এ সময় বক্তব্য রাখেন।

মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের কম্পিউটার প্রশিক্ষক মাসুদ আল আহসান নবেল জাতীয় যুব দিবসের প্রোগ্রাম সঞ্চালনা করেন।

এছাড়াও মেহেরপুর জেলা যুব উন্নয়নের বিভিন্ন কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।